



স্মারক নং- 37.03.7900.400.25.009.19-১৯৩

তারিখঃ 25/05/২০২১খ্রিঃ

## নোটিশ

এতদ্বারা অত্র প্রতিষ্ঠানের নবম থেকে দ্বাদশ শ্রেণির সকল শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, একটি একক আইডি-ব্যবস্থাপনার মাধ্যমে নাগরিকের জীবন প্রবাহের উল্লেখযোগ্য ঘটনাসমূহ তথ্য-উপাত্ত আকারে সংরক্ষণ এবং এর ভিত্তিতে সরকারের সকল সেবা নিশ্চিত করার লক্ষ্যে সরকার সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিস্টিক্স(CRVS)কর্মসূচির উদ্যোগ গ্রহণ করেছে।

সিআরভিএস কর্মসূচির আলোকে অত্র প্রতিষ্ঠানের ৯ম থেকে ১২শ শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের তথ্য সংগ্রহ পূর্বক শিক্ষার্থী প্রোফাইল প্রস্তুত করা হবে। শিক্ষার্থীদের মাতা-পিতার NID নম্বরসহ প্রয়োজনীয় তথ্য NID কর্তৃপক্ষের ডেটাবেজ এবং শিক্ষার্থীর জন্ম নিবন্ধন নম্বর ORG কর্তৃপক্ষের ডেটাবেজের সাথে লিঙ্ক স্থাপন পূর্বক যাচাই করে প্রত্যেক শিক্ষার্থীকে আলাদা আলাদা Unique Identification Number(UID) প্রদান করা হবে।

২। নবম থেকে দ্বাদশ শ্রেণির সকল শিক্ষার্থীদেরকে স্বাস্থ্যবিধি মেনে স্ব-স্ব ড্রেড হতে শিক্ষার্থী তথ্য ফর্ম সংগ্রহপূর্বক অত্যন্ত সতর্কতার সাথে নির্ভুলভাবে তথ্য ফর্মটি পূরণ করে নিম্নলিখিত কাগজপত্র ও প্রয়োজনীয় তথ্য প্রদানপূর্বক জরুরী ভিত্তিতে আগামী ৩১/০৫/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে স্ব-স্ব ড্রেডে জমা প্রদানের জন্য বলা হলো।

- ক) শিক্ষার্থীর অনলাইন(হাতের লেখা নয়)জন্ম সনদের অনুলিপি।
- খ) মা ও বাবার জাতীয় পরিচয়পত্রের অনুলিপি(অপর পৃষ্ঠায় মা ও বাবার মোবাইল নং লিখে দিতে হবে)।
- গ) মা ও বাবার জন্ম সনদের(যদি থাকে) অনুলিপি।
- ঘ) মা ও বাবা উভয়েই জীবিত না থাকলে অভিভাবকের দায়িত্ব পালনকারীর জাতীয় পরিচয়পত্রের অনুলিপি(অপর পৃষ্ঠায় অভিভাবকের মোবাইল নং লিখে দিতে হবে)।
- ঙ)শিক্ষার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি রঙ্গীন ছবি (সাদা ব্যাকগ্রাউন্ডসহ,পূর্ণ সম্মুখ থেকে তোলা যাতে শিক্ষার্থীর দুই কান ও দুই চোখ একই সাথে দৃশ্যমান হয়)। সংযুক্ত ছবির পেছনে শিক্ষার্থীর পূর্ণ নাম লিখতে হবে।
- চ)রক্তের গ্রুপ পরীক্ষা করা থাকলে টেস্ট রিপোর্ট (বাধ্যতামূলক নয়,তবে পরীক্ষা করা না থাকলে পরীক্ষা করাতে হবে,পরে অনলাইনে ডাটা এন্ট্রির জন্য)।
- ছ)রেজিস্ট্রেশন কার্ডের অনুলিপি।
- জ)পূর্ববর্তী পরীক্ষার ফলাফলের জন্য নম্বরপত্র/মার্কশীট/একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর অনুলিপি।

বিশয়টি অতীব জরুরী।

২৫/০৫/২০২১

(মুহাম্মদ ফেরদৌস আরেফীন)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

পিরোজপুর টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ  
পিরোজপুর

ফোনঃ ০৪৬১-৬২৮২১

মোবাইলঃ ০১৯১২৪১৭০৯১